রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ৪, ২০১৮

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**
**নির্বাচন প্রশাসন শাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০৪ জানুয়ারি ২০১৮

নং **১৭.০০.১০৮১.০৩৫.৪৬.০৩৩.১৭-০৮**—বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার ১নং চালুয়াবাড়ি ইউনিয়ন পরিষদের নির্বাচিত প্রার্থীদের নাম-ঠিকানা সম্বলিত ফরম-ড বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত ১৭ এপ্রিল ২০১৬ তারিখে প্রকাশিত হওয়ার পর নির্বাচনি ট্রাইব্যুনালে মামলা নং ০১/২০১৬ দায়ের করলে গত ০২ অক্টোবর ২০১৭ তারিখের রায় অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বিগত ০২ নভেম্বর ২০১৭ তারিখের ১৭.০০.১০৮১.০৩৫.৪৬.১৯৭.১২-৬০১নং স্মারকমূলে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত গেজেটের ১, ২, ৩ ও ৫নং কলাম প্রতিস্থাপন করা হয়। পরবর্তীতে বিজ্ঞ যুগ্ম জেলা জজ, ১ম আদালত, বগুড়া ও বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল নির্বাচনি আপিল নং ০২/২০১৭ এর একটি আদেশে নির্বাচনি ট্রাইব্যুনালের রায়-কে স্থগিতাদেশ প্রদান করায় চেয়ারম্যান পদ সংক্রান্ত নির্বাচন কমিশন সচিবালয় কর্তৃক বিগত ২১ নভেম্বর ২০১৭ তারিখের ১৭.০০.১০৮১.০৩৫.৪৬.১৯৭.১২-৬২৩ নং স্মারকমূলে জারীকৃত গত নভেম্বর ২, ২০১৭ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত সংশোধিত বিজ্ঞপ্তিটি প্রজ্ঞাপন আকারে বাতিল করা হয়। এর ফলে চেয়ারম্যান পদে নির্বাচিত প্রার্থীর কোন নাম-ঠিকানা সম্বলিত তথ্য বিদ্যমান গেজেটে নেই। তবে সম্পূর্ণ গেজেট বাতিল হয়নি। অতঃপর মাননীয় আপিল বিভাগ সিএমপি নং ১৪১৪/২০১৭ এর বিগত ১৯ অক্টোবর ২০১৭ তারিখের আদেশে রিট পিটিশন নং ১৩৮১৮/২০১৭ এর Rule discharged সহ Leave petition টি disposed of করায় এবং নির্বাচনি আপিল ট্রাইব্যুনালে আপিল মোকদ্দমা নং ০২/২০১৭ এর বিগত ২৩ নভেম্বর ২০১৭ তারিখের রায়ে নির্বাচনি ট্রাইব্যুনালের রায় বহাল রাখায় বিজ্ঞ নির্বাচনি ট্রাইব্যুনাল কর্তৃক বিগত ০২ অক্টোবর ২০১৭ তারিখের রায় এবং বিজ্ঞ নির্বাচনি আপিল ট্রাইব্যুনাল কর্তৃক বিগত ২৩ নভেম্বর ২০১৭ তারিখের রায় অনুযায়ী


**মূল্য :** টাকা ৪·০০

বগুড়া জেলার সারিয়াকান্দি উপজেলার **১**নং চালুয়াবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসেবে জনাব মোঃ শওকত আলী এর নামে নিম্নরূপভাবে গেজেট বিজ্ঞপ্তি প্রকাশ করিলেন :

| ইউনিয়নের নাম | নির্বাচিত ঘোষিত প্রার্থীর নাম, পিতা/ স্বামীর (বিবাহিত মহিলার ক্ষেত্রে) নাম ও ঠিকানা (মনোনয়নপত্রে যেইরূপ দেওয়া হইয়াছে) | দলের নাম/স্বতন্ত্র (শুধু চেয়ারম্যান পদের ক্ষেত্রে প্রযোজ্য) | যেই ওয়ার্ড হইতে নির্বাচিত হইয়াছেন সেই ওয়ার্ডের নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) | যে পদে নির্বাচিত হইয়াছেন |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| চালুয়াবাড়ী | মোঃ শওকত আলী<br>পিতা- মোঃ আঃ বাকি সরকার<br>গ্রাম-বিরামের পাঁচগাছি | স্বতন্ত্র | - | চেয়ারম্যান |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**ফরহাদ আহাম্মদ খান**
যুগ্মসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd